

দু'সপ্তাহের প্রশিক্ষণ চান শিক্ষকরা

বরিশাল আটগৈলবাড়ার গৈলা
মডেল মাধ্যমিক বিদ্যালয়

সাইফুল ইসলাম, বরিশাল ব্যারো

সুজনশীল পদ্ধতি নতুন হওয়ায় এর ওপর শিক্ষকদের যথেষ্ট প্রশিক্ষণ প্রয়োজন। শিক্ষকরা প্রশিক্ষণ পেলে শিক্ষার্থীদেরও ক্লাসে ভালোভাবে পাঠদান করাতে পারবে।

তবে তিন দিনের প্রশিক্ষণ যথেষ্ট নয়। কমপক্ষে দু'সপ্তাহের প্রশিক্ষণ দাবি করেন আটগৈলবাড়ার উপজেলার গৈলা মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাহিরুল ইসলাম। ১৮৯৩ সালে প্রতিষ্ঠিত বিদ্যালয়টিতে ১৪৫৩ শিক্ষার্থীর জন্য রয়েছে ১৯ জন শিক্ষক। এর মধ্যে ১২ জন সুজনশীলের ওপরে তিন দিনের প্রশিক্ষণ পেয়েছেন।

বাংলা বিভাগের শিক্ষিকা তাসলিমা খানম বলেন, তিন দিনের প্রশিক্ষণ অনেক কিছু শিখেছি। তবে প্রশিক্ষণ আরও দীর্ঘমেয়াদি হওয়া প্রয়োজন। তিনি বলেন, প্রশিক্ষণ-বেশি পেলে আমি উপকৃত হব। আর আমি উপকৃত হলে বিদ্যালয়ের শিক্ষার্থীদের সুজনশীলে আরও ভালো করে পড়াতে পারব। কর্তৃপক্ষকে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য দাবি জানান তিনি। একই সঙ্গে গাইড বই দ্রুত বন্ধ করা প্রয়োজন বলে মতব্য করেন তিনি। তাসলিমা খানম বলেন, গাইড বই বন্ধ না করা হলে সুজনশীল পদ্ধতি পুরোপুরি বাস্তবায়িত হবে না।

সুজনশীল শিক্ষকদের দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের দাবি জানান ইংরেজি শিক্ষক নির্মল ভদ্রও। তিনি বলেন, পূর্বের শিক্ষা ব্যবস্থা থেকে বর্তমান সুজনশীল পদ্ধতি অনেক উন্নত। কিন্তু এ পদ্ধতি সঠিকভাবে বাস্তবায়নের জন্য তিন দিনের প্রশিক্ষণ নয়, শিক্ষকদের দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ দিতে হবে। এ পদ্ধতি চালু হওয়ায় শিক্ষক ও শিক্ষার্থীরা উপকৃত হচ্ছে বলে জানিয়ে তিনি বলেন, এ পদ্ধতি শিক্ষার্থীদের উন্নত ভবিষ্যৎ গড়তে সহায়ক ভূমিকা পালন করবে। তাছাড়া সুজনশীল পদ্ধতিতে বইয়ের পাঠ খুব সহজেই আয়ত্ত করা যায়।

ক্লাসে যান্টিমিডিয়া পদ্ধতি চালু হওয়ায় শিক্ষার্থীরা আগ্রহী হয়েছে বলে জানান বিদ্যালয়ের বিজ্ঞান শিক্ষক কাইউন লস্কর। তিনি বলেন, সুজনশীল পদ্ধতিতে শিক্ষার্থীরা পুরো পাঠ্যবই সম্পর্কে ধারণা লাভ করেছে, যা গতানুগতিক পদ্ধতিতে সম্ভব নয়। সুজনশীলের জন্য বিষয়ভিত্তিক শিক্ষক প্রয়োজন উল্লেখ করে তিনি বলেন, শিক্ষক সংখ্যা বৃদ্ধি, বিষয়ভিত্তিক শিক্ষক এবং শিক্ষকদের দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ দেয়া জরুরি।

শিক্ষার্থীদের কথায়ও এ বক্তব্যের সমর্থন মেলে। নবম শ্রেণীর বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী শাবণী বাউড়ে জানান, ডিজিটাল যুগে যান্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস নেয়ায় আমাদের জন্য খুব ভালো হয়েছে। দশম শিক্ষকরা : পৃষ্ঠা ৭ : কলাম ৫



সুজনশীলের
আগ্রহণ-মত

শিক্ষকরা : চান

(৩য় পৃষ্ঠার পর)

শ্রেণীর শিক্ষার্থী সাব্বী ইসলাম জানান, সুজনশীল আধুনিক পদ্ধতি। এটি চালু হওয়ায় পড়া, আর পুঁথিগত বিদ্যায় সীমাবদ্ধ নেই। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য সরোয়ার দাড়াইয়াও সুজনশীল পদ্ধতিতে শিক্ষকদের আরও প্রশিক্ষণের দাবি জানান। তিনি বলেন, পদ্ধতিটি ভালো। তবে শিক্ষকদের আরও প্রশিক্ষণ প্রয়োজন। এ পদ্ধতিটি আরও ভালোভাবে বুঝতে ছাত্রছাত্রীদের সময় লাগবে।